

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
ঢাকা।

[মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক]

প্রজ্ঞাপন

তারিখ: ২৪ জ্যৈষ্ঠ, ১৪৩৩ বঙ্গাব্দ / ০৭ জুন, ২০২৬ খ্রিষ্টাব্দ।

এস.আর.ও. নং-১২৮-আইন/২০২৬/৩৩৩-মুসক।- জাতীয় রাজস্ব বোর্ড, মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ (২০১২ সনের ৪৭ নং আইন) এর ধারা ১৩৫, ধারা ৫৮ এর সহিত পঠিতব্য, এ প্রদত্ত ক্ষমতাবলে, উৎপাদিত বা আমদানিকৃত তামাকযুক্ত সিগারেটের মূল্য নির্ধারণসহ উহার প্যাকেটে স্ট্যাম্প বা ব্যান্ডরোল ব্যবহার পদ্ধতি বিধিমালা, ২০১৯ এর নিম্নরূপ অধিকতর সংশোধন করিল, যথা:-

উপরিউক্ত বিধিমালার বিধি ৫ এর উপ-বিধি (৪) এর পরিবর্তে নিম্নরূপ উপ-বিধি (৪) প্রতিস্থাপিত হইবে, যথা:-

“(৪) বিধি ৪ ও এই বিধির উদ্দেশ্য পূরণকল্পে, নিম্নবর্ণিত টেবিলের, যথাক্রমে, কলাম (২), (৩), (৪) ও (৫) এ উল্লিখিত সিগারেটের প্যাকেটের সর্বোচ্চ খুচরা মূল্য, শলাকা সংখ্যা, প্রকৃতি ও ডিজাইন অনুযায়ী, বিধি ৬ এর বিধান সাপেক্ষে, স্ট্যাম্প বা ব্যান্ডরোল ব্যবহার করিতে হইবে, যথা:-

টেবিল

ক্রমিক নং	সর্বোচ্চ খুচরা মূল্য (প্রতি দশ শলাকা)	শলাকা সংখ্যা	সিগারেটের মোড়কের (প্যাকেট) প্রকৃতি	ডিজাইন	স্ট্যাম্প বা ব্যান্ডরোল
(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)
১।	৬২ টাকা ও তদূর্ধ্ব	১০	শেল এন্ড স্লাইড	হালকা সবুজ	ব্যান্ডরোল
		১০	হার্ড এন্ড সফট	হালকা খয়েরি	স্ট্যাম্প
		২০	হার্ড এন্ড সফট	হালকা খয়েরি	স্ট্যাম্প
২।	৯২ টাকা ও তদূর্ধ্ব	১০	শেল এন্ড স্লাইড	হালকা গোলাপী	ব্যান্ডরোল
		১০	হার্ড এন্ড সফট	হালকা সবুজ	স্ট্যাম্প
		২০	হার্ড এন্ড সফট	হালকা সবুজ	স্ট্যাম্প
৩।	১৬০ টাকা ও তদূর্ধ্ব	১০	হার্ড এন্ড সফট	হালকা নীল	স্ট্যাম্প
		১২	হার্ড এন্ড সফট	হালকা নীল	স্ট্যাম্প
		২০	হার্ড এন্ড সফট	হালকা নীল	স্ট্যাম্প
৪।	২১০ টাকা ও তদূর্ধ্ব	১০	হার্ড এন্ড সফট	হালকা মেরুন	স্ট্যাম্প
		১২	হার্ড এন্ড সফট	হালকা মেরুন	স্ট্যাম্প
		২০	হার্ড এন্ড সফট	হালকা মেরুন	স্ট্যাম্প

২। এই প্রজ্ঞাপন ১১ জুন, ২০২৬ খ্রিষ্টাব্দে কার্যকর হইবে।

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে,

স্বাক্ষরিত/-

মোঃ মশিউর রহমান
প্রথম সচিব (মুসক নীতি)